# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 14-09-2025** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) সেনাবাহিনীর কম্বাইন্ড কমান্ডার্স সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় এসে পৌঁছেছেন। এই অনুষ্ঠানে যোগ দিতে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংও এসেছেন। সম্মেলনের সূচনা আগামীকাল।

২) স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষা আজ নির্বিঘ্নে শেষ হয়েছে। কমিশন এবার অ্যানসার কি প্রকাশ করবে।

৩) কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবাজ্ঞানম আগামীকাল অবসর গ্রহণ করছেন।

৪) নেপালের বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে রাজ্য সরকার, সেদেশে ভ্রমণের সম্ভাবনা খতিয়ে দেখতে বৈঠকে বসবে।

৫) বাংলাদেশের উত্তর পূর্বে সৃষ্ট ঘূর্ণাবর্তের জেরা রাজ্যে আগামী কয়েকদিন ভারী বৃষ্টির পূর্বাভাষ রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দফতর।

৬) কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগের চ্যাম্পিয়নশিপ রাউন্ডের ম্যাচে ইষ্টবেঙ্গল ৩-১ গোলে ডায়মন্ড হারবার এফসি কে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সেনা বাহিনীর কম্বাইন্ড কমান্ডার্স কনফারেন্সে যোগ দিতে  প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলকাতায় এসে পৌঁছেছেন। কলকাতা বিমানবন্দরে আজ সন্ধ্যায় প্রধানমন্ত্রীকে স্বাগত জানান, সুকান্ত মজুমদার,  শমীক ভট্টাচার্য সহ রাজ্য বিজেপির শীর্ষ নেতারা। বিজেপির বহু সাধারণ কর্মী সমর্থকরাও প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে রাস্তায় অপেক্ষা করছিলেন। বিমানবন্দর থেকে গাড়িতে রাজভবনের উদ্দ্যেশ্যে রওনা হওয়ার আগে প্রধানমন্ত্রী তাদের উদ্দ্যেশ্যে হাত নাড়েন।

প্রধানমন্ত্রী আসার কিছুক্ষন আগেই কলকাতায় পৌঁছান প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।

প্রধানমন্ত্রী আজ রাজভবনে রাত্রিবাস করবেন। আগামীকাল কলকাতায় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় সদর বিজয় দুর্গে তিনদিনের সম্মেলনের সূচনা করবেন। ভারতের সশস্ত্র বাহিনীর বিভিন্ন শাখার মধ্যে সমন্বয় বৃদ্ধি, প্রযুক্তিগত আধুনিকীকরণ এবং প্রাতিষ্ঠানিক সংস্কারের বিষয় সর্বোচ্চ স্তরের মত বিনিময় হবে এই সম্মেলনে।

এদিকে, প্রধানমন্ত্রীর সফরকে কেন্দ্র করে কলকাতা পুলিশ আজ থেকে দুদিন শহরজুড়ে যান চলাচলে বিধিনিষেধ জারি করেছে।

পুলিশ কমিশনার মনোজ ভার্মা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, আজ দুপুর সাড়ে তিনটে থেকে রাত আটটা এবং আগামীকাল সকাল সাড়ে সাতটা থেকে বিকেল চারটে পর্যন্ত শহরের গুরুত্বপূর্ণ রাস্তায় পণ্যবাহী যান চলাচল বন্ধ থাকবে। এছাড়া আজ রাত দশটা পর্যন্ত রাজভবন সংলগ্ন রাস্তাগুলিতেও পণ্যবাহী যান চলাচলের উপর নিষেধাজ্ঞা থাকছে।

ooooooooooooooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষা আজ নির্বিঘ্নে শেষ হয়েছে। ৪৭৮ টি পরীক্ষা কেন্দ্রে ২ লক্ষ ২৯ হাজার ৪৯৭ জন পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছেন। এর মধ্যে অন্য  রাজ্য থেকে ১৩ হাজার ৫১৭ জন পরীক্ষার্থী ছিলেন বলে স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে। পরীক্ষা যাতে সুষ্ঠু ভাবে সম্পন্ন হয় তার জন্য প্রশাসনের তরফেও সব রকমের ব্যবস্থা নেওয়া হয়েছিল। বিভিন্ন পরীক্ষা কেন্দ্রের সামনে ছিল পুলিশের হেল্প ডেস্ক। পরীক্ষার প্রশ্ন পত্র নিয়েও পরীক্ষার্থীরা  সন্তোষ প্রকাশ করেন।

উল্লেখ্য, নিয়োগে দুর্নীতির কারণে ২০১৬-র এসএসসির প্যানেল বাতিল করার পর নতুন ভাবে পরীক্ষা নেওয়ার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট।

স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার জানিয়েছেন, নভেম্বর মাসে ইন্টারভিউ পর্ব শুরু হবে। সুপ্রিম কোর্টের নির্দেশ মত ৩১শে ডিসেম্বরের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – সুমন)

বিকাশভবনে আজ এক সাংবাদিক বৈঠকে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেন পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে।

(বাইট - ব্রাত্য বসু)

ooooooooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের মাইকেল মধুসূদন মেমোরিয়াল কলেজের এসএসসি পরীক্ষা ঘিরে বিতর্ক শুরু হয়েছে । পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় চেকিং করতে দেখা যায় কালো সাফারি পরিহিত , গলায় আই ডি কার্ড ঝোলানো একদল যুবককে। কারা এদের পরীক্ষা কেন্দ্রের চেকিং এর দায়িত্ব দিল সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে প্রশ্ন তোলেন দুর্গাপুর পশ্চিমের বিজেপি বিধায়ক লক্ষণ ঘড়ুই। কলেজের অধ্যক্ষ, জানিয়েছেন কালো সাফারি পড়ে ওরা কারা ছিলেন সেটা তাঁরা জানেন না। পরীক্ষার দায়িত্বে যারা আছেন তারাই বলতে পারবেন।

এদিকে, পূর্ব বর্ধমানের কালনা হিন্দু গার্লস উচ্চ বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার আগে ধাতব সামগ্রী খোলার নির্দেশে এক বিবাহিত ছাত্রী হাতের নোয়া খুলতে অস্বীকার করেন। শেষমেষ তিনি পরীক্ষা না দিয়েই কেন্দ্র থেকে বেরিয়ে যান।

oooooooooooooooooooooo

জি এস টি কর কাঠামোই যে বড় পরিবর্তনের ঘোষণা করা হয়েছে আগামী ২২ তারিখ থেকে তা কার্যকর হতে চলেছে। পরিবর্তিত হারে কৃষি সরঞ্জামের দামও কমতে চলেছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবাজ্ঞানম আগামীকাল অবসর গ্রহণ করছেন। ২০২১ সালের ২৫ অক্টোবর তিনি মাদ্রাজ হাইকোর্ট থেকে কলকাতা হাইকোর্টের বিচারপতি হিসাবে নিযুক্ত হয়েছিলেন। পরে ২০২৩ সালের ১১ মে তিনি কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হন। কলকাতা হাইকোর্ট বার এসোসিয়েশনের পক্ষ থেকে আগামীকাল তাঁর বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নেপালের বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে রাজ্য সরকার, আসন্ন উৎসবের দিনগুলিতে পর্যটকদের কথা মাথায় রেখে পরিবহণ যোগাযোগ আবার শুরু করার সম্ভাবনা খতিয়ে দেখতে বৈঠকে বসতে চলেছে। পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী আগামী মঙ্গলবার ভার্চুয়ালি উত্তরবঙ্গের শিলিগুড়ি ছাড়াও আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার সহ অন্যান্য জেলার উত্তরবঙ্গ পরিবহন নিগমের আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। দুই দেশের মধ্যে বাস চালানো সম্ভব কিনা তা নিয়ে বৈঠকে আলোচনা হবে বলে জানা গেছে।

উল্লেখ্য,নেপালের পরিস্থিতি অশান্ত হয়ে ওঠায় রাজ্য সরকার চলতি সপ্তাহের গোড়ায় শিলিগুড়ি থেকে নেপালের কাঠমান্ডু পর্যন্ত বাস পরিষেবা অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার কথা ঘোষণা করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্রী অনামিকা মন্ডলের মৃত্যুর ঘটনায় আজ ফরেন্সিক দল ঘটনাস্থল পরিদর্শন করে। এই দলে ছিলেন ডিসি এস এস বি এবং ময়না তদন্তকারী আধিকারিক। ডিসি এস এস বি জানিয়েছেন, সিসিটিভির ফুটেজ পাওয়া গেছে। ছাত্রীটির মোবাইল ফোনও উদ্ধার হয়েছে।

উল্লেখ্য, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইংরেজী স্নাতকস্তরের তৃতীয়বর্ষের ছাত্রী অনামিকা মন্ডলের দেহ গত বৃহস্পতিবার রাতে ক্যাম্পাসের ঝিলপাড় সংলগ্ন পুকুর থেকে উদ্ধার হয়।

০০০০০০০০০০০০০০০০০০

মালদায় আর জি কর মেডিকেল কলেজের পড়ুয়া ছাত্রী অনিন্দিতা সোরেনের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় ধৃত চিকিৎসক পড়ুয়া উজ্জ্বল সোরেনকে পুলিশ গ্রেপ্তার করেছে।

আজ তাকে মালদা আদালতে পেশ করা হলে ৬ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

অভিযুক্তের বিরুদ্ধে ন্যায় সংহিতার একাধিক ধারায় মামলা রুজু করা হয়েছে। মৃতার পরিবারের অভিযোগ, উজ্জ্বলই তাদের মেয়েকে বিষ খাইয়ে খুন করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

পুরুলিয়ার নিতুড়িয়া থানার রানাবাড়ি এলাকায় গতকাল দুপুরে বাজ পড়ে মৃত্যু হল এক যুবকের। পুলিশ সূত্রে জানা গেছে মৃত সঞ্জু হেমব্রমের বাড়ি নিতুড়িয়া থানার দেবিডাঙ্গায়। সূত্রের খবর, অন্যান্য দিনের মতো তিনি গতকাল গরু চরাতে গেছিলেন। দুপুর আনুমানিক দেড়টা নাগাদ তিনি বজ্রাঘাতে আহত হন। তড়িঘড়ি উদ্ধার করে তাকে নিয়ে যাওয়া হয় নিতুড়িয়ার হারমাড্ডি ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে। সেখানে কর্তব্যরত চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা সাহিত্যের প্রবাদ প্রতিম ঔপন্যাসিক, গল্পকার, নাট্যকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যাকে তাঁর প্রয়াণ দিবসে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। আজ সকালে এক্স মাধ্যমে মুখ্যমন্ত্রী লিখেছেন, তারাশঙ্কর রচিত হাঁসুলী বাঁকের উপকথা, ধাত্রীদেবতা, গণদেবতা সহ অসংখ্য উপন্যাস ও অন্যান্য রচনা বাংলা সাহিত্যের চিরকালীন সম্পদ।

০০০০০০০০০০০০০০০০০০০০

আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, বাংলাদেশের উত্তর পূর্বে বাতাসের উচ্চস্তরে একটি ঘূর্ণাবর্ত অবস্থান করছে। এজন্য সমুদ্র থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প রাজ্যে প্রবেশ করছে । এরফলে আগামী কয়েক দিন উত্তরবঙ্গে ভারী থেকে অতি ভারী এবং দক্ষিণবঙ্গে সর্বত্র ভারী বৃষ্টির সতর্কতা জানানো হয়েছে।

আবহবিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে বলেন, আগামী দুদিন উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি আলিপুরদুয়ার কোচবিহার ও কালিম্পং-এ কমলা সতর্কতা জানানো

হয়েছে। অতি ভারী বৃষ্টির সঙ্গে বজ্রপাত সহ থাকবে দমকা হাওয়া। এছাড়া মালদা উত্তর ও দক্ষিণ দিনাজপুরে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

দক্ষিণবঙ্গের মুর্শিদাবাদ, নদিয়া ও পূর্ব বর্ধমানে আগামীকাল ও মঙ্গলবার ভারী বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। বাকি জেলাগুলিতে হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে।

এছাড়া পুরুলিয়া,বাঁকুড়া, মুর্শিদাবাদ, পশ্চিম বর্ধমান ও বীরভূমের প্রায় সব জায়গাতেই দমকা হাওয়া ও বজ্রপাত সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা আছে।

কলকাতা ও সংলগ্ন এলাকায় আগামীকাল দু-এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে।

oooooooooooooooooooooooo

এদিকে, প্রবল বর্ষণে উত্তরবঙ্গ ও সিকিমের স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত। পাহাড় থেকে সমতল-সর্বত্রই বন্যা ও ভূমিধসের আতঙ্ক।

শিলিগুড়িতে অবিরাম বৃষ্টিতে মহানন্দার জলস্তর আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। ফুলবাড়ি মহানন্দা ব্যারেজে বিপজ্জনকভাবে বেড়েছে জলের চাপ। গজলডোবায় তিস্তা নদীর জলপ্রবাহ বিপদসীমার কাছাকাছি পৌঁছে গেছে। দশের-A জাতীয় সড়ক জলমগ্ন হওয়ায় যান চলাচল সম্পূর্ণ বন্ধ। দার্জিলিংগামী রাস্তাতেও জল জমে বিপাকে পড়েছেন পর্যটক ও স্থানীয় মানুষেরা।

oooooooooooooooooooo

কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগের চ্যাম্পিয়নশিপ রাউন্ডের ম্যাচে ইষ্টবেঙ্গল ৩-১ গোলে ডায়মন্ড হারবার এফসি কে হারিয়ে দিয়েছে।

ইস্টবেঙ্গলের পক্ষে জেসন টি কে দুটি, ডেভিড লালাহানসাঙ্গা একটি গোল করেছেন। ডায়মন্ড হারবার এফ সি, র পবন ভেঙ্কটরাতুনাম একটি গোল শোধ করেন।

নৈহাটি স্টেডিয়ামে অন্য ম্যাচে ইউনাইটেড এস সি ২-০ গোলে ক্যালকাটা কাস্টমস কে পরাজিত করেছে।

OOOOOOOOOOOOOOOOOOOOOOOOOOO